202

ভোরের কাগজ

তারিখ: 04 OCT 1998 পৃঃ 7 কলাম 6

# প্রকাশিত প্রতিবেদনের প্রতিবাদ করেছেন ঢাকা বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ

গত শুক্রবার ভোরের কাগজে প্রকাশিত 'ঢাকা বিশ্ববিদ্যালয়ের আবাসিক হলগুলো অপহরণকারীদের নিরাপদ আস্তানা' শীর্ষক সংবাদের প্রতিবাদ করেছেন বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ।

প্রতিবাদপত্রে বলা হয়েছে, 'বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ অত্যন্ত ক্ষোভের সঙ্গে এই বিভ্রান্তিকর সংবাদের তীব্র প্রতিবাদ জানাচ্ছে। এ সংবাদের শিরোনাম এবং এর অভ্যন্তরে এমন সব তথ্য পরিবেশিত হয়েছে যার দ্বারা বিশ্ববিদ্যালয়ের ভাবমূর্তি ভীষণভাবে ক্ষুণ্ন হয়েছে এবং জনমনে বিভ্রান্তির সৃষ্টি হয়েছে।

প্রতিবাদলিপিতে বলা হয়, উপাচার্য ও প্রক্টরের বরাত দিয়ে যে কথা ছাপা হয়েছে তাও ঠিক নয়। প্রকৃতপক্ষে তাদের বক্তব্য ছিল, 'বিচ্ছিন্নভাবে দুএকটি ঘটনা কখনো ঘটলে এবং তা কর্তৃপক্ষের গোচরে এলে কর্তৃপক্ষ তাৎক্ষণিক ব্যবস্থা গ্রহণের মাধ্যমে ঘটনার অবসান ঘটিয়ে দেন।' অপহরণের ঘটনা সম্পর্কে কর্তৃপক্ষের ভাষ্যে বলা হয়েছে, জহুরুল হক হল, উদয়ন স্কুল ও সূর্যসেন হলের সর্বশেষ ঘটনার (যা বর্তমান প্রশাসনের সময়কালের মধ্যে ঘটেছে) ফলাফল হিসেবে দেখা গেছে, প্রতিটি ঘটনায়ই অপরাধীরা ধরা পড়েছে। অতএব হলগুলোকে অপহরণকারীদের নিরাপদ আস্তানা বলা ঠিক নয়।